

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা),
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৫৩.২৫.৪৩৮

বিষয়: ১০০% রপ্তানীমুখী শিল্প কারখানার অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিন সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি
জারীর সুপারিশ প্রেরণ প্রসংগে।

সূত্র: আবেদনপত্র নং- ১০০০, তারিখঃ ১২/১০/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, টি পি ও গার্মেন্টস লিমিটেড, অফিসঃ ও কারখানাঃ হোল্ডিং নং-১১২/১, রোড নং-দাড়াইল রোড, সাতাইশ, টঙ্গী, গাজীপুর নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) উপ-খাতে রেজিস্ট্রেশন প্রাপ্ত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন নং- আরএমজি/ইএক্সপি/এফ ০০০১৩৯৬-২৫, তারিখ: ১১/০৯/২০২৫ খ্রিঃ। বিদেশী উদ্যোক্তা তাদের কারখানার অনুকূলে বিদেশ থেকে কিছু মেশিনারীজ FREE OF COST এর আওতায় সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত টেক্সটাইল মেশিন সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিকপক্ষ বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিন সমূহের ইনভয়েস নং-BD25NS5035A, তারিখঃ 18/০9/2025, বিএল নং-SHSCTG25093844, তারিখঃ 30/০9/2025, যার ইনভয়েস মূল্য- \$1,380.00 ইউএসডি দাখিল করেছেন। প্রেরিত টেক্সটাইল মেশিন সমূহ কারখানার অবস্থান: হোল্ডিং নং-১১২/১, রোড নং-দাড়াইল রোড, সাতাইশ, টঙ্গী, গাজীপুর এ স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায় উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিকপক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিন সমূহ খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান নীতিমালা আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী সকল বিধি বিধান প্রতিপালন স্বাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর.ও মোতাবেক প্রয়োজনীয় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইম্পোর্ট পারমিট (আই. পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।



১৯-১০-২০২৫

মৃভূজয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১৫৩.২৫.৪৩৮/১ (৬)

তারিখ: ৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, টি পি ও গার্মেন্টস লিমিটেড, অফিসঃ ও কারখানাঃ হোল্ডিং নং-১১২/১, রোড নং-দাড়াইল রোড, সাতাইশ, টঙ্গী, গাজীপুর।
- ৪। উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেনেজিং ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৬। অফিস কপি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৯-১০-২০২৫

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)